

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৩৪

েসালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১) আযান দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও আযানের ফযীলতের বর্ণনা

الترغيب في الأذان وما جاء في فضله

## আরবী

(حسن صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْمُؤَذِّنُ يُغْفَرُ لَهُ مَدَى صَوْتِهِ، وَيُصَدِّقُهُ كُلُّ رَطْبٍ وَيَابِسٍ. رواه أحمد واللفظ له وأبو داود وابن خزيمة

## বাংলা

২৩৪. (হাসান সহীহ্) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "মুআয্যিনের আযান ধ্বনি পর্যন্ত তাকে ক্ষমা করা হয় এবং প্রত্যেক সজীব ও নির্জীব বস্তু তাকে সত্যায়ন করবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ২৩/৪১১, আবু দাউদ ও ইবনু খুযায়মা)

তবে আবু দাউদ ও ইবনু খুযায়মার শব্দরুপ এভাবেঃ وَيَشْهَدُ لَهُ كُلُّ رَطْبٍ وَيَابِسِ "প্রত্যেক সজীব ও নির্জীব বস্তু তার জন্য সাক্ষ্য প্রদান করবে।" (আবু দাউদ ৫/৫, ইবনু খুযায়মা ১/২০৪)

নাসাঈর বর্ণনায়ঃ وَلَهُ مِثْلُ أَجْرِ مَنْ صَلَّى مَعَهُ "যারা তার সাথে ছালাত আদায় করবে তাদের অনুরূপ সে ছোয়াব লাভ করবে।" (নাসাঈ ২/১৩)

(হাসান সহীহ্) ইবনু মাজাহর রেওয়ায়াতেঃ يَعْفَرُ لَهُ مَدَّ صَوْتِهِ وَيَسْتَغْفِرُ لَهُ كُلُّ رَطْبٍ وَيَابِسٍ উচ্চতা অনুযায়ী তাকে ক্ষমা করে দেয়া হবে। এবং প্রত্যেক সজীব-নির্জীব, সবাই তার জন্য ক্ষমা প্রার্থনা করবে।" (ইবনে মাজাহ ৪/৭)

(হাসান সহীহ) ইবনু হিব্বানের [সহীহ] গ্রন্থের বর্ণনা এরুপঃ الْمُؤَذِّنُ يُغْفَرُ لَهُ مَدَّ صَوْتِهِ ، وَيَشْهُدُ لَهُ كُلُّ رَطْب وَجَهْما فَيَكْتَبُ لَهُ خَمْسٌ وَعِشْرُونَ حَسَنَةً ، وَيُكَفَّرُ عَنْهُ مَا بَيْنَهُمَا وَعِشْرُونَ حَسَنَةً ، وَيُكَفَّرُ عَنْهُ مَا بَيْنَهُمَا



"মুআয্যিনকে তার আওয়াযের উচ্চতা অনুযায়ী ক্ষমা করা হয় এবং প্রত্যেক সজীব ও নির্জিব বস্তু তার জন্য সাক্ষ্য প্রদান করবে। তার আযানে জামাআতে উপস্থিত ব্যাক্তির পঁচিশ গুণ ছোয়াব তার জন্যেও লিখে দেয়া হয় এবং উভয়ের মধ্যবর্তী সকল পাপ মোচন করে দেয়া হয়।"

ইমাম খাত্তাবী (রহঃ) বলেন, মুআয্যিন যদি আযানের কণ্ঠকে উচ্চ করার জন্য তার প্রচেষ্টাকে পরিপূর্ণরূপে ব্যয় করে, তবে সে পরিপূর্ণরূপে আল্লাহর মাগফিরাত লাভ করবে। এ ব্যাখ্যার পক্ষে হাদীছের এই শব্দটিকে প্রমাণ হিসেবে পেশ করা যেতে পারেঃ يغفر له مد صوته بتشديد الدال অর্থাৎ তার আওয়াযের উচ্চতা অনুযায়ী তাকে ক্ষমা করা হবে।

(ইমাম খাত্তাবী আরো বলেন, এখানো আরেকটি ব্যাখ্যা হতে পারেঃ মুআয্যিনের আযান ধ্বনি পর্যন্ত তাকে ক্ষমা করে দেয়া হয়। একথার অর্থ হলো- যে স্থান পর্যন্ত তার আযানের ধ্বনি পৌঁছে, যদি ধরে নেয়া হয় যে, সে স্থানের শেষ পর্যন্ত তার পাপে পূর্ণ আছে, তবে আযানের বিনিমন্টয় আল্লাহ তাকে ক্ষমা করে দিবেন।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন